সমকাল

26 JUN 2016
পৃষ্ঠা ... কলাম ...

# এমপিওভুক্তির বিকল্প খোঁজা হচ্ছে : শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

সাংসদদের চাহিদা অনুযায়ী দেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলো এমপিওভুক্তির উপায় বের করার চেষ্টা চলছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেছেন, প্রধানমন্ত্রীর নির্দেশনায় অর্থমন্ত্রী একটি সমাধানের পথ দেখিয়েছেন। আশা করা যাচ্ছে এ সমস্যা সমাধানে শিগগিরই একটি পথ খুঁজে পাওয়া যাবে।

গতকাল শনিবার জাতীয় সংসদে বাজেটের ওপর আলোচনায় অংশ নিয়ে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন। তবে অর্থমন্ত্রী সমাধানের কী পথ দেখিয়েছেন তা প্রকাশ করেননি তিনি। এর আগে গতকাল বেলা পৌনে ১১টায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদের বৈঠক শুরু হয়।

প্রস্তাবিত ২০১৬-১৭ অর্থবছরের বাজেট আলোচনায় গতকাল আরও অংশ নেন সরকারি দলের এ বি তাজুল ইসলাম, আ খ ম জাহাঙ্গীর হোসাইন, অ্যাডভোকেট শামসুল হক টুকু, হুইপ আতিউর রহমান আতিক, শরীফ আহমেদ, আবুল কালাম মো. আহসানুল হক চৌধুরী, মাহমুদ উস সামাদ চৌধুরী, মোহাম্মদ আবদুল্লাহ, বেগম রিফাত আমিন, হোসনে আরা বেগম, জাতীয় পার্টির মহাসচিব এবিএম রুহুল আমীন হাওলাদার, মো. শওকত চৌধুরী, জাসদের শিরীন আখতার, বেগম লুৎফা তাহের, ওয়ার্কার্স পার্টির হাজেরা সুলতানা, স্বতন্ত্র সদস্য মো. মকবুল হোসেন ও রেজাউল হক চৌধুরী।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তি করতে এমপিদের দাবির প্রতি সরকার শ্রদ্ধাশীল। নানা ধরনের বিকল্প প্রস্তাব তৈরি করা হয়েছে।